

26212 - যে ব্যক্তির যিম্মায় রম্যানের কিছু রোয়া কায়া রয়েছে; কিন্তু সে ব্যক্তি রোয়ার সংখ্যা মনে করতে পারছেন না

প্রশ্ন

আমি (জনৈক নারী) কোন এক বছরের যে দিনগুলোতে আমার মাসিক পিরিয়ড ছিল সে দিনগুলোতে রোয়া রাখিনি। এখন পর্যন্ত আমি সে রোয়াগুলো রাখতে পারিনি; ইতিমধ্যে অনেক বছর গত হয়ে গেছে। রোয়ার যে খণ্ড আমার দায়িত্বে আছে আমি সেগুলোর কায়া পালন করতে চাই। কিন্তু আমি জানি না যে, কয়দিনের রোয়া আমার যিম্মাতে রয়েছে। এখন আমি কী করতে পারি?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক। অতপরঃ

আপনার উপর তিনটি বিষয় ওয়াজিব:

এক.

এ বিলম্ব করা থেকে আল্লাহর কাছে তাওবা করা এবং ইতিপূর্বে যে কসুর ঘটেছে সেটার জন্য অনুতপ্ত হওয়া এবং ভবিষ্যতে পুনরায় এমন কিছুতে লিপ্ত না হওয়ার ব্যাপারে দৃঢ় সংকল্পবন্ধ হওয়া। যেহেতু আল্লাহ তাআলা বলেন: "হে মুমিনরা তোমরা সকল গুনাহ থেকে তাওবা কর; যাতে করে তোমরা কল্যাণপ্রাপ্ত হও।" [সূরা নূর, আয়াত: ৩১] আপনি যে বিলম্ব করেছেন এটি গুনাহ। সুতরাং এ গুনাহ থেকে তাওবা করা ওয়াজিব।

দুই.

অনুমানিক সংখ্যক রোয়া অবিলম্বে সম্পন্ন করা। যেহেতু আল্লাহ কাউকে তার সাধ্যের বাইরে দায়িত্বারোপ করেন না। তাই আপনার ধারণায় যে কয়দিনের রোয়া আপনি রাখেননি সে কয়দিনের রোয়া কায়া পালন করুন। যদি ধারণা হয় যে, দশদিনের রোয়া তাহলে দশদিন রোয়া রাখুন। যদি ধারণা হয় এর চেয়ে বেশি কিংবা কম তাহলে আপনার ধারণা মোতাবেক রোয়াগুলো পালন করুন। দলিল হচ্ছে আল্লাহর বাণী: "আল্লাহ কাউকে তার সাধ্যের বাইরে দায়িত্বারোপ করেন না।" [সূরা বাকারা, ২:২৮৬] এবং তাঁর বাণী: "তোমরা সাধ্যানুযায়ী আল্লাহকে ভয় কর"। [সূরা তাগারুন, ৬৪: ১৬]

তিনি.

যদি আপনার সামর্থ্য থাকে তাহলে প্রতিদিনের বদলে একজন মিসকীনের খাদ্য দান করুন। সবদিনের খাদ্য একজন মিসকীনকে দিলেও চলবে। আর যদি আপনি গরীব হন এবং খাদ্য দান করতে না পারেন; তাহলে সেক্ষেত্রে আপনার উপর রোয়া রাখা ও তাওবা

ইসলাম জিজ্ঞাসা ও জবাব

এটি প্রতিষ্ঠিত ও পরিচালনা করেছেন:
শাইখ মুহাম্মদ সালিহ আল-মুনাফিজিন

করা ছাড়া অন্য কিছু আবশ্যক হবে না। সামর্থ্যবানকে খাদ্য দিতে হবে প্রতিদিনের বদলে স্থানীয় খাদ্যদ্রব্যের অর্ধ সা'। এর পরিমাণ
হচ্ছে- দেড় কিলো। আল্লাহতে তাওফিকদাতা।